



৯ মার্চ, ২০১৭

প্রেস বিজ্ঞপ্তি

আন্তর্জাতিক নারী দিবসে ব্লাস্ট ‘বাল্যবিবাহ নিরোধ আইন-২০১৬’ এর বিশেষ বিধান বাতিলের জোর দাবী জানাচ্ছে

গত ২৭ ফেব্রুয়ারী ২০১৭ তারিখ জাতীয় সংসদে পাস হওয়া ‘বাল্যবিবাহ নিরোধ আইন-২০১৬’ এ ১৮ বছরের নিচে অপ্ৰাপ্তবয়স্ক মেয়ের সর্বোত্তম স্বার্থে আদালতের নির্দেশে এবং মা-বাবার সম্মতিতে বিয়ে দেওয়ার বিশেষ বিধান অবিলম্বে বাতিল করার জোর দাবী জানাচ্ছে ব্লাস্ট। এই আইনে বিয়ের জন্য নির্ধারিত বয়স ঠিক থাকলেও, বিশেষ ক্ষেত্রে যেকোনো অপ্ৰাপ্তবয়স্ক মেয়ের সর্বোত্তম স্বার্থে আদালতের নির্দেশে এবং মা-বাবার সম্মতিতে বিয়ে হতে পারবে এরূপ বিধান রাখা হয়েছে। ‘বিশেষ বিধান’ বলবৎ রেখে ১৮ বছরের নিচে মেয়েদের বিয়ে দেওয়া যাবে মর্মে যে আইন জাতীয় সংসদে পাস হয়েছে তা শিশু আইন, ২০১৩ এবং নারী শিশু নির্যাতন দমন আইন, ২০০০ (সংশোধিত ২০০৩) ও আন্তর্জাতিক সনদের সাথে সাংঘর্ষিক।

ব্লাস্ট অবিলম্বে এই আইনের উল্লেখিত বিধানের (১৯ এবং ১০ ধারা) সংশোধন করে সকল ক্ষেত্রেই মেয়েদের বিয়ের সর্বনিম্ন বয়স ১৮ বছর করার জন্য জোর দাবী জানাচ্ছে।

ব্লাস্ট প্রধান কার্যালয় এবং ইউনিট কার্যালয়ের মাধ্যমে আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে বিভিন্ন কর্মসূচী পালন করেছে। ব্লাস্ট প্রতিনিধিবৃন্দ গত ৮ মার্চ ২০১৭ তারিখ গৃহকর্মী সুরক্ষা নেটওয়ার্ক আয়োজিত জাতীয় প্রেস ক্লাবে মানব বন্ধন ও র্যালিতে সকাল ১০.০০টায় এবং সামাজিক প্রতরোধ কমিটির সদস্য হিসেবে বিকেল ৩টায় কেন্দ্রীয় শহীদ মিনারে অংশগ্রহণ করেছে।

এছাড়া আজ ৯ মার্চ দুপুর ১.১৫ মিনিটে সুপ্রীম কোর্ট ব্লাস্ট আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে মানববন্ধন কর্মসূচীর আয়োজন করেছে। উক্ত মানববন্ধনে সুপ্রীম কোর্টের আইনজীবী, ইনিশিয়েটিভ অব হিউম্যান ডেভেলপমেন্টের সভাপতি ড. কাজী ফারুকসহ মানবাধিকারকর্মীসহ প্রমূখ উপস্থিত ছিলেন।

বার্তা প্রেরক:

মাহবুবা আক্তার

উপ- পরিচালক (এডভোকেসী এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

মোবাইল নং: ০১৭৭৬০৬০১১৩

ইমেইল: mahbuba@blast.org.bd